# শেখ হাসিনার গোপালগঞ্জ-৩ আসনে ভোটের লড়াইয়ে নামার ঘোষণা হিরো আলমের



সংগৃহীত ছবি

দেশের পরিচিত কনটেন্ট ক্রিয়েটর হিরো আলম আবারও রাজনীতির পরিসরে নামার ইঙ্গিত দিয়েছেন। আগে তিনি ঢাকার ১৭ নম্বর আসন থেকে সংসদ নির্বাচনে অংশ নেওয়ার কথা জানিয়েছিলেন, এবার তার নজর গোপালগঞ্জ-৩ আসনের দিকে।

সামাজিক মাধ্যমে বৃহস্পতিবার (৬ নভেম্বর) তিনি লিখেছেন, "জনগণ যদি সুযোগ দেয়, আমি গোপালগঞ্জের শেখ হাসিনার আসনে নির্বাচন করতে চাই। স্থানীয়রা কি আমাকে ভোট দেবেন?"

হিরো আলমের এই ঘোষণা মুহূর্তেই ভাইরাল হয়। নেটিজেনদের প্রতিক্রিয়া ছিল মিশ্র। কেউ বলেছেন, সরাসরি গোপালগঞ্জে গিয়ে মানুষের সঙ্গে কথা বলুন। কেউ আবার সতর্ক করেছেন, "এটা হয়তো আপনার জন্য সঠিক সময় নয়।"

গোপালগঞ্জ-৩ আসনটি টুঙ্গিপাড়া ও কোটালীপাড়া এলাকা নিয়ে গঠিত, এখানে ভোটার সংখ্যা প্রায় ২ লাখ ৯০ হাজার। দীর্ঘদিন ধরে এই আসনটি শেখ হাসিনার রাজনৈতিক প্রভাবের কেন্দ্র হিসেবে পরিচিত।

হিরো আলম এর আগে ২০১৮ সালের জাতীয় নির্বাচনে বগুড়া থেকে স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়নপত্র জমা দিয়েছিলেন। প্রাথমিকভাবে প্রার্থিতা বাতিল হলেও আদালতের আদেশে তা ফেরত পান এবং 'সিংহ' প্রতীকে প্রতিদ্বন্দ্বিতা করেন। ভোটের দিন কারচুপির অভিযোগ তুলে তিনি অংশগ্রহণ বর্জন করেন।

এরপর ঢাকা-১৭ আসনের উপনির্বাচনে অংশ নেয়ার সময়ও তার ওপর এক কেন্দ্রে হামলার ঘটনা ঘটেছিল।